

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৭২

৫/ হাজ (হজ/হজ) (এআনা (১লান)

পরিচ্ছেদঃ ১৯. ইহরাম বাঁধার নির্দিষ্ট সময়।

باب فِي وَقْتِ الإِحْرَامِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِك، عَنْ سَعِيد بْنِ أَبِي سَعِيد الْمَقْبُرِيِّ، عَنْ عُبَيْد بْنِ جُرَيْجٍ، أَنَّهُ قَالَ لِعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ رَأَيْتُكَ تَصْنَعُهُ أَرْبَعًا لَمْ أَرَ أَحَدًا مِنْ أَصْحَابِكَ يَصِنْعُهَا . قَالَ مَا هُنَّ يَا ابْنَ جُرَيْجٍ قَالَ رَأَيْتُكَ لَا تَمَسُّ مِنَ الأَرْكَانِ إِلاَّ الْيَمَانِيَيْنِ وَرَأَيْتُكَ تَصْبُغُ بِالصَّفْرَةِ وَرَأَيْتُكَ إِذَا كُنْتَ بِمَكَّة أَهَلَّ النَّاسُ إِذَا رَأَوُا تَلْبَسُ النِّعَالَ السِّبْتِيَّةَ وَرَأَيْتُكَ تَصِبُغُ بِالصَّفْرَةِ وَرَأَيْتُكَ إِذَا كُنْتَ بِمَكَّة أَهَلَّ النَّاسُ إِذَا رَأَوُا لَلْهِلاَلَ وَلَمْ تُهِلَّ أَنْتَ حَتَّى كَانَ يَوْمُ التَّرْوِيَةِ . فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ أَمَّا الأَرْكَانُ فَإِنِي لَمْ أَلَوْمِلَكُ وَلَمْ اللَّهِ بْنُ عُمَرَ أَمَّا الأَرْكَانُ فَإِنِي لَمْ أَلَو رَسُولَ اللّهِ مِن عُمَر أَمَّا السِّبْتِيَّةُ فِإِنِي رَأَيْتُ لَمُ أَلَّ وَلَمْ النَّهِ صَلَى الله عليه وسلم يَلْبَسُ النِعَالَ التَّتِي لَيْسَ فِيهَا شَعْرٌ وَيَتَوَضَّأُ فِيهَا فَأَنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَلْبَسُ النِعَالَ النَّهِ صلى الله عليه وسلم يَكْبَشُ رَاعُلُ النَّهِ صلى الله عليه وسلم يَلْبَسُ النِعَالَ النَّهِ صلى الله عليه وسلم يَصِبُغُ بِهَا وَأَمَّا الصَّفْرَةُ فَإِنِي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَصِبُغُ بِهَا فَأَنَا أُحِبُّ أَنْ أَنْ أَسْبُهَا وَأَمَّا الإِهْلِالُ فَإِنِي لَمْ أَرَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُهِلُّ حَتَّى تَنْبُعِثَ بِه رَاحِلَتُهُ .

বাংলা

১৭৭২. আল কা'নবী (রহঃ) উবায়দ ইবন জুরাইজ (রহঃ) হতে বর্ণিত। তিনি আবদুল্লাহ্ ইবন উমার (রাঃ)-কে বলেন, হে আবূ আবদুর রাহমান! আমি আপনাকে চারটি কাজে লিপ্ত দেখি, যা আপনার সংগীদের কাউকে করতে দেখি না। তিনি জিজ্ঞাসা করেন, হে ইবন জুরাইজ, তা কী?

তিনি বলেন, আমি আপনাকে কখনও দুই রুকনে ইয়ামানী ব্যতীত অন্য রুকনগুলো স্পর্শ করতে দেখিনি। আর আমি আপনাকে এমন জুতা পরিধান করতে দেখি, যার চামড়ায় পশম নেই। আমি আপনাকে (কাপড় বা মাথা) হলুদ রং-এ রঞ্জিত করতে দেখি। আর আরো দেখি যে, যখন আপনি মক্কায় অবস্থান করেন আর সেখানকার অধিবাসীরা নতুন চাঁদ দেখার সাথে সাথেই ইহরাম বাঁধে, কিন্তু আপনি তালবিয়ার দিন (৮ই যিলহাজ্জ) না আসা



পর্যন্ত ইহরাম বাঁধেন না।

আবদুল্লাহ্ ইবন উমার (রাঃ) বলেন, রুকনগুলো (খানায়ে কা'বার কোনাগুলো) স্পর্শ করা সম্পর্কে আমার বক্তব্য এই যে, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামকে উভয় রুকনে ইয়ামানী ব্যতীত আর কোনো কোনা (রুকন) স্পর্শ করতে দেখিনি। আর পশমবিহীন জুতা সম্পর্কে আমার বক্তব্য হল, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামকে এমন জুতা পরিধান করতে দেখেছি যাতে পশম ছিল না। তিনি উযূ করেও তা পরিধান করতেন। কাজেই আমিও তা পরিধান করতে ভালবাসি। আর হলুদ রং এর ব্যাপারে হল, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামকে হলুদ রঙ দ্বারা রঞ্জিত হতে দেখেছি। তাই আমিও তা দ্বারা রঞ্জিত হতে ভালবাসি। আর ইহরাম বাঁধা (এ বিষয়ে) আমার বক্তব্য হল, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামকে ঐ সময় পর্যন্ত ইহরাম বাঁধতে দেখিনি, যতক্ষণ তিনি তাঁর বাহনে সাওয়ার না হতেন।

English

Ubayd ibn Jurayj said to Abdullah ibn Umar:

AbuAbdurRahman, I saw you doing things which I did not see being done by your companions.

He asked: What are they, Ibn Jurayj? He replied: I saw you touching only the two Yamani corners; and I saw you wearing shoes having no hair; I saw you dyeing in yellow colour; and I saw you wearing ihram on the eighth of Dhul-Hijjah, whereas the people had worn ihram when they sighted the moon.

Abdullah ibn Umar replied: As regards the corners, I have not seen the Messenger of Allah (**) touching anything (in the Ka'bah) but the two Yamani corners. As for the tanned leather shoes, I have seen the Messenger of Allah (**) wearing tanned leather shoes, and he would wear them after ablution. Therefore I like to wear them. As regards wearing yellow, I have seen the Messenger of Allah (**) wearing yellow, so I like to wear with it. As regards shouting the talbiyah, I have seen the Messenger of Allah (**) raising his voice in talbiyah when his she-camel stood up with him on its back.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উবায়দ ইবন জুরায়জ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন